স্নাতক পরীক্ষা ২০২৩

বাংলা বিভাগ

সেমেস্টার - ৪ কোর্স CC-৪

উনিশ ও বিশ শতকের কাব্য

সময় ৩ ঘন্টা পূর্ণমান – ৬০

প্রশ্নের মান প্রশ্নের ডানদিকে দেওয়া হল।

প্রত্যেক একক থেকে একটি করে উত্তর লিখতে হবে। ১০ সংখ্যক প্রশ্নের উত্তর বাধ্যতামূলক।

একক – ১

১. ঈশ্বর গুপ্ত ইংরেজদের বিরুদ্ধে বিদ্রোহী সিপাহিদের বিরোধিতা করেন আবার দেশজ সংস্কৃতির পক্ষাবলম্বন করতে দ্বিধা করেন না। পাঠ্য কবিতা অবলম্বনে এই দুই মনোভাবের বিচার করো। ১৫

২. ঈশ্বর গুপ্তের কবিতায় শব্দালঙ্কারের প্রয়োগ ও ইংরেজি শব্দের ব্যবহার বিষয়ে তোমার অভিমত পাঠ্য কবিতা অবলম্বনে প্রকাশ করো। ১৫

৩. পাঠ্য কবিতা অবলম্বনে ঈশ্বর গুপ্তের রচনায় অন্তঃপুরের মেয়েদের সংলাপের প্রয়োগ বিষয়ে একটি নিবন্ধ রচনা করো। ১৫

একক – ২

৪. "পরম অধর্মাচারী রঘু-কুল-পতি" – ছত্রটির মর্মার্থ বিশ্লেষণ সূত্রে কেকয়ীর দৃষ্টিতে অধর্মাচারী রঘুরাজ দশরথের চরিত্র বৈশিষ্ট্য বিশ্লেষণ করো। ১৫

৫. "যা ইচ্ছা করুন ধর্ম, পাপ করি যদি
ভালবাসি নৃমণিরে, – যা ইচ্ছা নৃমণি!" ছত্র দু'টি অনুসরণে দ্রৌপদীর পাপবোধ ও প্রেমধর্মের স্বরূপ ব্যাখ্যা করো। ১৫

৬। "এ নবযৌবন, বিধু, অর্পিব গোপনে
তোমায়, গোপনে যথা অর্পেন আনিয়া
সিন্ধুপদে মন্দাকিনী স্বর্ণ, হীরা মণি!"
– সমাজ ও ধর্মবিরুদ্ধ প্রেমের এই ঘোষণা তারা চরিত্রকে কতখানি স্বাতন্ত্র্য-মণ্ডিত করেছে তা বিচার করো। ১৫

একক – ৩

৭। "শ্যামলী"র 'আমি' কবিতায় রবীন্দ্রনাথ যে 'আমি' কথা বলেছেন, তার স্বরূপ ও গুরুত্ব বিচার করো। ১৫

৮। "নৈবেদ্য"র 'প্রার্থনা' কবিতাটির শিল্পরূপ বিশ্লেষণ করে এটিকে সনেট বলা যায় কিনা আলোচনা করো ১৫

৯। "বলাকা"র 'ছবি' কবিতায় প্রথম চরণে আছে জিজ্ঞাসা: 'তুমি কি কেবলই ছবি শুধু পটে লিখা।' শেষ চরণে আছে সিদ্ধান্ত: 'নও ছবি, নও তুমি ছবি।' জিজ্ঞাসা থেকে সিদ্ধান্তে যেভাবে রবীন্দ্রনাথ পৌঁছচ্ছেন, কবিতাটি আলোচনা করে সেই ক্রমটি বিশ্লেষণ করো। ১৫

১০. টীকা লেখো (যে-কোনো তিনটি) ৩ x ৫ = ১৫

ক। কবি ও পটুয়া

খ। 'তন্ব্যা মাছ'

গ। "হায়, ভোজবালা কুন্তী -- কে না জানে তারে,
স্বৈরিণী?"

ঘ। "পিতৃ-মাতৃ-হীন পুত্রে পালিবেন পিতা--
মাতামহালয়ে পাবে আশ্রয় বাছনি!"

ঙ। ভ্রষ্টলগ্ন সম্পর্কিত রবীন্দ্রনাথের দুটি গান

চ। 'উদাসীন পৃথিবী'

স্নাতক পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার : ৪ কোর্স : CC 9

বিশ শতকের বাংলা কবিতা

সময় : ৩ ঘন্টা পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

১। কামিনী রায়ের 'যযাতি-দেবযানী' কবিতায় আধুনিক নারীর আত্মাভিমান কীভাবে প্রকাশিত হয়েছে আলোচনা করো। ১৫

২। 'কচি ডাব' কবিতায় শোষিত বঞ্চিত সাধারণ মানুষ কীভাবে মহিমান্বিত হয়ে উঠেছে তা আলোচনা করো। ১৫

৩। 'সব্যসাচী' কবিতায় বেশ কিছু মিথের ব্যবহার রয়েছে। এখানে কী কী মিথের ব্যবহার আছে? এই পৌরাণিক অনুষঙ্গগুলি কবির বক্তব্য প্রকাশে কীভাবে সাহায্য করেছে আলোচনা করো। ১৫

একক - ২

৪। জীবনানন্দের 'বোধ' কবিতায় অভিব্যক্ত 'বোধ'-এর স্বরূপ ব্যাখ্যা করো। ১৫

৫। অমিয় চক্রবর্তীর 'বড়োবাবুর কাছে নিবেদন' কবিতার কথক কেরানি চরিত্রটির প্রস্তুত 'তালিকা' থেকে তাঁর জীবনদৃষ্টি সম্পর্কে কী ধারণা হয়? ক্ষমতা-কাঠামোয় উর্ধ্বতনের প্রতি তাঁর সমালোচনার স্বাতন্ত্র্য নির্দেশ করো। ১০+৫=১৫

৬। বুদ্ধদেব বসুর 'শীতরাত্রির প্রার্থনা' কবিতার অন্তঃসারে 'রেজারেকশন মিথ' কীভাবে ক্রিয়াশীল তা আলোচনা করো। এই কবিতার সঙ্গে কবির ব্যক্তিগত জীবন-অভিজ্ঞতার কীভাবে সংশ্লেষণ ঘটেছে, দেখাও। ৮+৭=১৫

একক - ৩

৭। সুভাষ মুখোপাধ্যায়ের 'মুখুজ্যের সঙ্গে আলাপ' কবিতাটি কীভাবে সমকালীন সময়ের রাজনৈতিক ভাষ্য হয়ে উঠেছে তা আলোচনা করো। ১৫

৮। 'সংসারে সন্ন্যাসী লোকটা' এবং 'যেতে পারি কিন্তু কেন যাবো' কবিতা দুটি শক্তি চট্টোপাধ্যায়ের আত্মজীবনীর অংশ হয়ে উঠেছে। আলোচনা করো। ১৫

৯। জয় গোস্বামী 'মেঘনাদ' কবিতার মধ্য দিয়ে কীভাবে পৌরাণিক মিথকে মধ্যবিত্তের দৈনন্দিন লড়াই-এর সঙ্গে মিলিয়ে দেখেছেন তা আলোচনা করো। ১৫

১০। যে-কোনো তিনটি টীকা লেখো : ৩x৫=১৫

(ক) 'তাদের ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান!'

(খ) 'ত্রিরত্ন'

(গ) 'হৃদয়ের এ সম্মানে / রামায়ণ অন্য দীপ্তি পায়।'

(ঙ) 'মোর আপনারে আমি নবজন্ম করিয়াছি দান।'

(চ) 'আমেরিকা ভালো, চীন ভালো.../ ট্রুম্যান পাঠাবে অন্ন আমাদের কাল'

(ছ) 'যে দিনগুলো রাস্তা দিয়ে চলে গেছে/ যেন না ফেরে।'

—

স্নাতক পরীক্ষা ২০২৩

সাম্মানিক বাংলা

সেমেস্টার: ৪ কোর্স: CC-10

নির্বাচিত বাংলা নাটক

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক – ১

১। 'নীলদর্পণ' নাটকে নবীনমাধবের নাট্য-উপযোগ সম্পর্কে আলোচনা করো। ১৫

২। উদ্দেশ্যমূলক নাটক হিসেবে 'নীলদর্পণ'-এর সার্থকতা বিচার করো। ১৫

৩। 'নীলদর্পণ' নাটকের সংলাপ রচনায় দীনবন্ধু মিত্রের কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো। ১৫

একক – ২

৪। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনে ভক্তপ্রসাদ চরিত্রের মধ্যে নাট্যকার তৎকালীন সমাজ-বাস্তবতার চিত্র ফুটিয়ে তুলেছেন— আলোচনা করো। ১৫

৫। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনে হাস্যরস সৃষ্টিতে নাট্যকারের সার্থকতা বিচার করো। ১৫

৬। সংলাপ সৃষ্টিতে 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনে নাট্যকারের কৃতিত্ব দেখাও। ১৫

একক – ৩

৭। মন্বন্তরের নাটকের নাম 'নবান্ন' হওয়া কতটা যুক্তিযুক্ত বলে তুমি মনে করো— আলোচনা করো। ১৫

৮। 'নবান্ন' নাটকে প্রধান সমাদ্দার কীভাবে একটি গুরুত্বপূর্ণ নাট্যচরিত্র হয়ে উঠেছে লেখো। ১৫

৯। মনুষ্য-সৃষ্ট মন্বন্তরের প্রেক্ষিতে 'নবান্ন' নাটকে হারু দত্তের ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো **তিনটি**): ৩x৫= ১৫

(ক) তোরাপ

(খ) ক্ষেত্রমণি

(গ) গদা

(ঘ) ফতেমা

(ঙ) মাখন

(চ) পঞ্চাননী

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা - ২০২৩

বাংলা

সেমেস্টার : ৪ কোর্স : SECC-2

অনুবাদ

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ২৫

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৫ নং প্রশ্নের উত্তর আবশ্যিক।

১। রবীন্দ্রনাথের গান-কবিতা 'জীবন যখন শুকায়ে যায়' ইংরেজিতে অনুবাদ করেছিলেন স্বয়ং রবীন্দ্রনাথ। এছাড়াও এটির অন্যতম দুই অনুবাদক হলেন উইলিয়াম রাদিচে এবং শুক্লা বসু। গান-কবিতাটির এই তিন অনুবাদকের অনুবাদের একটি তুলনামূলক আলোচনা করো এবং অনুবাদ তত্ত্বের দিক থেকে তার মূল্যায়ন করো। ৬+৪=১০

অথবা

২। 'Translation Studies' বলতে কী বোঝ ? বিদ্যাচর্চার এই ক্ষেত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও। অনুবাদ তত্ত্বে 'Skopos theory' কী ? ২+৪+৪=১০

৩। রবীন্দ্রনাথের 'গীতাঞ্জলি'র অনুবাদের ভালো-মন্দর দিকগুলি পর্যালোচনা করো। ১০

অথবা

৪। T.S.Eliot-এর 'Journey of the Magi' কবিতাটির বিষ্ণু দে-কৃত অনুবাদ কীভাবে রবীন্দ্রনাথের 'তীর্থযাত্রী' কবিতায় পরিণত হল সে বিষয়ে আলোচনা করো। ১০

৫। প্রদত্ত অংশটি বাংলায় অনুবাদ করো : ৫

When an animal dies his soft and fleshy parts go bad very quickly but his bones remain for a very long time and it is these bones that we find and which tell us something of those animals of far-off days. But suppose an animal has no bones like the jelly-fish. It will leave nothing behind when it dies.

Undergraduate Examination — 2023

Semester IV CBCS

Bengali

Generic Elective Course (GEC- 4)

(সাহিত্য ও চলচ্চিত্র)

সময় : ৩ ঘন্টা | পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

১। আদিযুগ থেকে প্রাক্-সত্যজিৎ রায় পর্যন্ত বাংলা চলচ্চিত্রের ইতিহাস সংক্ষেপে আলোচনা করো। ১৫

২। সত্যজিৎ রায়ের 'পথের পাঁচালী' ছবির কয়েকটি দৃশ্য অবলম্বনে সাহিত্যের চলচ্চিত্রে রূপায়ণ প্রক্রিয়াটি আলোচনা করো। ১৫

৩। 'বাইশে শ্রাবণ', 'ইন্টারভিউ', 'পদাতিক' এবং 'খারিজ' অবলম্বনে মৃণাল সেনের চলচ্চিত্র ভাবনার পরিচয় দাও। ১৫

একক - ২

৪। 'চলচ্চিত্রের ভাষা : সেকাল ও একাল' প্রবন্ধ অবলম্বনে নির্বাক যুগের ইওরোপ ও আমেরিকার ছবি বিষয়ে সংক্ষেপ আলোচনা করো। ১৫

৫। 'অতীতের বাংলা ছবি' অনুসরণে প্রথম যুগের সবাক বাংলা ছবি নিয়ে সংক্ষেপে আলোচনা করো। এইসব ছবি নিয়ে প্রাবন্ধিকের মনোভাবের পরিচয় দাও। ১০+৫=১৫

৬। 'সাহিত্য ও চলচ্চিত্র' প্রবন্ধ অবলম্বনে মৃণাল সেন চলচ্চিত্রে কীভাবে সাহিত্যকে রূপায়ণ করতে চান তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১৫

একক - ৩

৭। সম্পাদক ভূপতির কাজ ও ভাবনার জগৎ সত্যজিতের চিত্রনাট্যে কীভাবে ফুটে উঠেছে আলোচনা করো। ১৫

৮। মৃণাল সেনের 'একদিন প্রতিদিন' ছবিতে মধ্যবিত্ত পরিবারের অর্থনৈতিক ও সামাজিক বাস্তবতা কীভাবে ব্যক্ত হয়েছে তা আলোচনা করো। ১৫

৯। 'তাহাদের কথা' চিত্রনাট্যের দশ এবং পনেরো এই দুটি দৃশ্য এবং মহীতোষ চরিত্র অবলম্বনে চিত্রনাট্য নির্মাণে বুদ্ধদেব দাশগুপ্তের স্বাতন্ত্র্য আলোচনা করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) : ৩ X ৫ = ১৫

ক) হীরালাল সেন

খ) ম্যাডান থিয়েটার

গ) নিওরিয়ালিজম ধারার সিনেমা

ঘ) লেখক অমল

ঙ) 'একদিন প্রতিদিন' ছবিতে চিনুর বাড়ি না-ফেরার কারণের অনুল্লেখ

চ) শিবনাথের ছেলে জ্যোতি